রেজিস্টার্ড নং ডি এ ১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৯, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীন সম্পদ বিভাগ

(মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপনসমূহ

ঢাকা, ১৯শে ভাদ্র, ১৩৯৮/৪ঠা সেপ্টেম্বর, ১৯৯১

এস, আর, ও নং ২৬৩-আইন/৯১/৩০-মূসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নে বিধৃত টেবিলে বর্ণিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর নিম্নবর্ণিত শিরোনামা সংখ্যা (Heading No.) সমূহের বিপরীত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) সমূহের আওতাধীন পণ্য সামগ্রীকে উহার উপর আরোপযোগ্য সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিলেন:

টেবিল

| শিরোনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্যসামগ্রীর বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০৪.০১ | শিরোনামার অধীন সকল পণ্য | প্যাকেটকৃত তরল দুধ |



মূল্য : টাকা ২·০০

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ১৫.১৪ | শিরনামার অধীন সকল পণ্য | সরিষার তৈল |
| ১৯.০৫ | ১৯০৫.১০<br>১৯০৫.২০<br>১৯০৫.৯০ | পাউরুটি, বনরুটি এবং এই ধরণের অন্যান্য রুটি |
| ২৩.০১ হইতে<br>২৩.০৯ | প্রযোজ্য<br>সামঞ্জস্যপূর্ণ<br>নামকরণ কোড | পশু খাদ্য |
| ৩৯.২৪ | শিরোনামার অধীন সকল পণ্য | প্লাষ্টিকের তৈরী (মেলামাইন ব্যতীত) থালা, বাসন, পেয়ালা, বাটি, মগ, জগ, গ্লাস, সব্জি ধোয়ার জন্য ব্যবহৃত জালি, গামলা, বালতি, খাবার ঢাকার ঢাকনি, স্কুলের বাচ্চাদের ব্যবহৃত পানির বোতল। |
| ৫৩.০৩ | ৫৩০৩.১০ | কাঁচা পাট |
| ৬৪.০২ | ৬৪০২.২০ | প্লাষ্টিক বা রাবারের চপ্পল |
| ৭৩.১৭ | ৭৩১৭.০০৭ | তারকাটা |
| ৭৩.২৩ | ৭৩২৩.৯১<br>৭৩২৩.৯২ | দেশে স্থাপিত ফাউণ্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত কড়াই, তাওয়া। |
| ৭৩.২৬ | ৭৩২৬.৯০৯ | দেশে স্থাপিত ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত জালের কাঠি। |
| ৮২.০১ | ৮২০১.১০ | দেশে স্থাপিত ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত কোদাল এবং বেলচা। |
| ৮৪.১৩ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | দেশে স্থাপিত ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত সেচ পাম্প ও উহার যন্ত্রাংশ। |
| ৮৪.১৪ | ৮৪১৪.২০<br>৮৪১৪.৯০ | দেশে স্থাপিত ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হস্তচালিত টিউবওয়েল ও উহার যন্ত্রাংশ। |
| ৮৪.২৩ | ৮৪২৩.৯০ | দেশে স্থাপিত ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত বাটখারা। |
| ৮৪.২৪ | ৮৪২৪.৮১১ | কৃষি কাজে ব্যবহৃত হস্তচালিত স্প্রেয়ার |
| ৮৪.৩৭ | ৮৪৩৭.৮০ | দেশে স্থাপিত ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হলার। |
| | ৮৪৩৭.৯০ | দেশে স্থাপিত ফাউন্ড্রী এবং ইঞ্জিনিয়ারিং শিল্পে উৎপাদিত হলারের জালী, ব্লেড এবং বাটম। |
| ৯৪.০৫ | ৯৪০৫.৫০১ | হারিকেন বাতি |
| ৯৬.০৯ | ৯৬০৯.১০ | কাঠ পেন্সিল |

২। এই প্রজ্ঞাপন ১লা জুলাই, ১৯৯১ মোতাবেক ১৬ই আষাঢ়, ১৩৯৮ হইতে কার্যকরী হইয়াছে বলিয়া গণ্য হইবে।

এস, আর, ও নং ২৬৪-আইন/৯১/৩১-মূসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সালের ২২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লেখিত, এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতা বলে, সরকার এতদ্দ্বারা, নিম্নে দত্ত টেবিলে উল্লেখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর নিম্নবর্ণিত শিরোনামা (Heading No.) সমূহের বিপরীতে সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) এর আওতাধীন পণ্যসমূহ ব্যতীত, কুটির শিল্পে উৎপাদিত সকল পণ্যকে উক্ত আইন এর আওতাধীনে আরোপযোগ্য, সমুদয় মূল্য সংযোজন কর এবং ক্ষেত্রমত সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিলেন:

টেবিল

| শিরোনাম সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্য সামগ্রীর বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ০৯.০২ | শিরোনামার অধীন সকল পণ্য | চা |
| ১৫.১১ | ১৫১১.১০<br>১৫১১.৯০১<br>১৫১১.৯০৯ | সকল প্রকার পাম অয়েল |
| ১৫.১৩ | ১৫১৩.১১<br>১৫১৩.১৯১<br>১৫১৩.১৯৯ | সকল প্রকার নারিকেল তৈল |
| ১৫.১৮ | ১৫১৮.০০১<br>১৫১৮.০০২<br>১৫১৮.০০৩ | অপরিশোধিত আঠামুক্ত ও পরিশোধিত সয়াবিন তৈল<br>নারিকেল তৈল |
| ৩০.০৪ ও ৩০.০৫ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | এন্টিসেপটিক ও ডিসইনফেকট্যান্ট |
| ৩২.০৭ হইতে ৩২.১২ | প্রযোজ্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পেইন্টস, পিগমেন্টস, ভার্নিসেস এবং পলিসেস |
| ৩৩.০৬ | শিরনামার অধীন সকল পণ্য | মুখ গহবর অথবা দন্ত জীবাণুমুক্তকারী সামগ্রী, দন্ত জীবাণুমুক্তকারী আঠালো পেষ্ট ও পাউডারসমূহ। |
| ৮৪.১৪ | ৮৪১৪.৫১১ | গৃহস্থালী প্রকৃতির ধরের ফ্যান যেমন, টেবিল, মেঝে, দেয়াল, জানালা, সিলিং বা ছাদের পাখা, উৎপাদন ক্ষমতা ১২৫ ওয়াটের অধিক নহে এমন বৈদ্যুতিক মটর সংযুক্ত। |
| | ৮৪১৪.৬০ | হুডস আনুভূমিক পার্শ্বে ১২০ সেঃ মিঃ এর অধিক নহে এমন বৈদ্যুতিক পাখা। |

| ১ | ২ | ৩ |
|---|---|---|
| ৮৫.২১ | ৮৫২১.১০<br>৮৫২১.৯০ | ভিডিও ক্যাসেট রেকর্ডার্স ও প্লেয়ারস। |
| ৮৫.২৭ | প্রযোজ্য সামঞ্জস্য-পূর্ণ নামকরণ কোড | এক ব্যাণ্ড ব্যতীত অন্যান্য ব্যাণ্ডের রেডিও ও ট্রানজিষ্টার। |
| ৮৫.২৮ | শিরোনামের অধীন সকল পণ্য | সকল প্রকার টেলিভিশন |
| ৮৯.০১ | ,, | সকল প্রকার ক্রুজ জাহাজ, এক্সকারশন বোটস, ফেরী বোটস, কার্গো জাহাজ, বার্জেস এবং যাত্রী বা মালামাল পরিবহণের উপযোগী সমজাতীয় জাহাজ। |
| ৮৯.০২ | ,, | ফিশিং বোটস, কারখানা জাহাজ এবং মাছ জাতীয় পণ্য প্রস্তুত বা সংরক্ষণের জন্য ব্যবহৃত অন্যান্য জাহাজ। |
| ৮৯.০৩ | ,, | ইয়েটস এবং খেলাধুলা বা আনন্দ উপভোগের জন্য অন্যান্য নৌকা, রোয়িং বোটস এবং ক্যানোস। |
| ৮৯.০৪ | ,, | টাগ্স ও পুসার ক্রাফট্ |
| ৯৪.০১ | ,, | হেডিং নং ৯৪.০২ এর আসন ব্যতীত অন্যান্য আসন, বেডে রূপান্তরযোগ্য হউক বা না হউক এবং উহাদের অংশবিশেষ। |
| ৯৪.০২ | ,, | সকল প্রকার মেডিকেল, সার্জিক্যাল, ডেন্টাল, ভেটেনারী, ফার্ণিচার (যেমন অপারেশন টেবিল, এক্জামিনেশন টেবিল, হসপিটাল বেডস্, ডেন্টিষ্ট চেয়ার) বারবারের চেয়ার ও অনুরূপ চেয়ার, ঘূর্ণায়মান ও কাত করা বা উঠাবার চলাচলযোগ্য; উপরের বস্তুসমূহের অংশবিশেষ। |
| ৯৪.০৩ | ,, | অন্যান্য ফার্ণিচার এবং উহাদের অংশবিশেষ। |

ব্যাখ্যা—এই প্রজ্ঞাপনে, 'কুটির শিল্প' বলিতে এরূপ শিল্প প্রতিষ্ঠানকে বুঝাইবে যে শিল্প প্রতিষ্ঠানের প্লান্ট, মেশিনারী ও ইকুইপমেন্টে বিনিয়োগকৃত মূলধন বৎসরের যে কোন সময়ে তিন লক্ষ টাকার অধিক না হয়।

২। এই প্রজ্ঞাপন ১৬ই আষাঢ়, ১৩৯৮ মোতাবেক ১লা জুলাই, ১৯৯১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

এস, আর, ও নং ২৬৫-আইন/৯১/৩২-মূসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্দ্বারা Passenger (Non-tourist) Baggage Import Rules, 1990 এর rule (4) এর sub-rule (4) এর অধীনে যাত্রী সাধারণ কর্তৃক আমদানিকৃত নিম্নোক্ত টেবিলে উল্লেখিত পণ্যকে (উপ-বিধিতে উল্লিখিত পরিমাণ পর্যন্ত) উহার উপর আরোপযোগ্য সমুদয় মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিলেন:

টেবিল

| শিরনামার সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H. S. Code) | পণ্যের নাম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৭১.০৮ | ৭১০৮.১৩ | গোল্ড বুলিয়ান |

২। এই প্রজ্ঞাপন ১৬ই আষাঢ়, ১৩৯৮ মোতাবেক ১লা জুলাই, ১৯৯১ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নূরুল হোসেইন খাঁন

সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।